# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

বোর্ড সচিবালয়
পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২০৫
ফোন:+৮৮ ০২ ২২২২৩০০৫৩
ই-মেইল: bwdbsecretary@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Board Secretariat
PaniBhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205
Phone: +88 02 222230053
E-mail: bwdbsecretary@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.০৬.০৩৭.২৬-৯৮

তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৩ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

## দপ্তরাদেশ

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন ড্রেজার সমূহের বর্তমান অবস্থা ও সক্ষমতা যাচাইপূর্বক ড্রেজার দপ্তর সমূহের কার্যক্রম যুগোপযোগী, গতিশীল ও অধিকতর কার্যকরকরণে সুপারিশমালা প্রণয়নের লক্ষ্যে নিম্নরূপভাবে কমিটি গঠন করা হলো:-

| ক্রমিক নং | কমিটির সদস্যগনের নাম ও পদবী | সংস্থা | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ১। | অতিঃ প্রধান প্রকৌশলী (যা.)<br>ড্রেজার, বাপাউবো, খুলনা। | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | আহবায়ক |
| ২। | অতিঃ প্রধান প্রকৌশলী (যা.)<br>ড্রেজার, বাপাউবো, নারায়ণগঞ্জ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | সদস্য-সচিব |
| ৩। | জনাব ড. মোঃ মশিউর রহমান<br>অধ্যাপক এবং বিভাগীয় প্রধান | নৌযান ও নৌযন্ত্র কৌশল বিভাগ<br>বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৪। | জনাব যতন মার্মা<br>উপসচিব | পানি সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ৫। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যা.)<br>ড্রেজার অপারেশন সার্কেল, বাপাউবো, সিরাজগঞ্জ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৬। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যা.)<br>ডিজাইন সার্কেল-৩, বাপাউবো, ঢাকা। | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৭। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যা.)<br>ড্রেজার অপারেশন সার্কেল, বাপাউবো, নারায়ণগঞ্জ। | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | সদস্য |

০২। কমিটির কার্যপরিধিঃ

ক) সরেজমিনে পরিদর্শন পূর্বক ড্রেজার, বাপাউবো'র অধীন বিদ্যমান সচল ও অচল (মেরামতযোগ্য/মেরামত অযোগ্য) ড্রেজার ও সহযোগী জলযানসমূহের তালিকা প্রণয়ন ও প্রকৃত অবস্থা নিরূপণ।

খ) সচল ও মেরামতযোগ্য/মেরামতাধীন ড্রেজারসমূহ কার্যকর রাখার বিষয়ে সুনির্দিষ্ট মতামত প্রদান।

গ) অচল ড্রেজারসমূহ মেরামত লাভজনক কিনা উহার উপযোগিতা নির্ধারণ, সম্ভাব্য ব্যয় নিরূপণ এর জন্য ইতোপূর্বে পানি সম্পদ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক পাসম/বোর্ড কর্তৃক গঠিত কমিটির রিপোর্টের আলোকে ইতোমধ্যে গৃহীত ব্যবস্থা পর্যালোচনা এবং পরবর্তী করণীয় বিষয়ে মতামত প্রদান।

ঘ) অচল ড্রেজার ও সহযোগী জলযানসমূহ মেরামতকরণ লাভজনক না হলে যৌক্তিকতাসহ নিলাম প্রক্রিয়াকরণের সুপারিশ এবং বর্তমানে চলমান নিলাম প্রক্রিয়া সম্পর্কে মতামত প্রদান।

ঙ) অনুমোদিত সেপ-আপ অনুযায়ী ড্রেজার দপ্তরসমূহের অনুকূলে ড্রেজার ও সহযোগী জলযানসমূহ সুনির্দিষ্ট ন্যস্তকরণের প্রস্তাবনা প্রনয়ণ এবং ড্রেজিং কাজ বাস্তবায়নের লক্ষ্যে ড্রেজার ও সহযোগী জলযানসমূহের মোবিলাইজেশন এর বিষয়ে সুনির্দিষ্ট মতামত প্রদান।

চ) ড্রেজার ও সহযোগী জলযানসমূহ পরিচালনায় আইনগত বাধ্যবাধকতা অনুযায়ী রেজিষ্ট্রেশনসহ অন্যান্য বিষয়ে সুপারিশ প্রদান।

ছ) বাপাউবো'র বিদ্যমান ড্রেজারসমূহের বার্ষিক ড্রেজিং সক্ষমতা নিরূপণ এবং বাপাউবো ড্রেজার দ্বারা ও ঠিকাদারের মাধ্যমে ড্রেজিং কাজ বাস্তবায়নে ব্যয়ের তুলনামূলক বিবরণী প্রস্তুত। এর প্রেক্ষিতে সক্ষমতা অনুযায়ী বাপাউবো ড্রেজারকে এডিপি ভুক্ত ও পরিচালন ব্যয়ভুক্ত ড্রেজিং কাজে নিয়োজিত কাজে সুপারিশ করা।

জ) ড্রেজার দপ্তরসমূহের সুনির্দিষ্ট অধিক্ষেত্র নির্ধারণের জন্য চলমান প্রস্তাবনা দ্রুত প্রক্রিয়াকরণের বিষয়ে মতামত প্রদান।

ঝ) ড্রেজিং কাজ সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুমোদিত সেপ-আপ অনুযায়ী বিদ্যমান জনবল কাঠামোর প্রয়োজনীয় পুনর্বিন্যাস/হালনাগাদ করণের জন্য সুপারিশ প্রদান এবং বাপাউবো'র যাস, ড্রেজার ও অন্যান্য যান্ত্রিক স্থাপনা/দপ্তরের জনবল সংক্রান্ত বিষয়ে পাসম কর্তৃক ইতোপূর্বে গঠিত কমিটি প্রদত্ত রিপোর্ট এর সুপারিশ বাস্তবায়নে বাপাউবো ও পাসম এর করণীয় বিষয়ে মতামত প্রদান।

ঞ) ড্রেজার দপ্তরসমূহের সক্ষমতা বৃদ্ধি ও জনবলের কর্মদক্ষতা বাড়ানোর লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রদান।



অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

ট) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবেন এবং প্রস্তাবিত কমিটির কোন কর্মকর্তা বদলী/পদোন্নতি হলে বা অন্যত্র গমন করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।

ঠ) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি (যদি কমিটি মনে করে)।

ড)বর্ণিত বিষয়ে সুস্পষ্ট মতামত ও সুপারিশ সম্বলিত প্রতিবেদন (০২ প্রস্থে) এবং Soft copy (e-mail: adg.oml@gmail.com) আগামী ২১ (একুশ) কর্মদিবসের মধ্যে অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), ঢাকা মহোদয় বরাবর দাখিল করবেন।

০৩। এ আদেশে অবিলম্বে কার্যকর হবে।

০৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

০৩/০৩/২৬

(মোঃ আবদুল মতিন)
পরিচালক (বোর্ড) (অঃদাঃ)

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.০৬.০৩৭.২৬-৯৮ তারিখঃ ০৩ মার্চ ২০২৬ খ্রিঃ।

<u>অনুলিপি (কার্যার্থে) প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১। অতিঃ প্রধান প্রকৌশলী (যা.), ড্রেজার, বাপাউবো, খুলনা ও কমিটির আহবায়ক।
২। অতিঃ প্রধান প্রকৌশলী (যা.), ড্রেজার, বাপাউবো, নারায়ণগঞ্জ ও সদস্য-সচিব।
৩। জনাব ড. মোঃ মশিউর রহমান, অধ্যাপক এবং বিভাগীয় প্রধান, নৌযান ও নৌযন্ত্র কৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় ও সদস্য।
৪। জনাব যতন মার্মা, উপসচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ও সদস্য।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যা.), ড্রেজার অপারেশন সার্কেল, বাপাউবো, সিরাজগঞ্জ ও সদস্য।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যা.), ডিজাইন সার্কেল-৩, বাপাউবো, ঢাকা ও সদস্য।
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যা.), ড্রেজার অপারেশন সার্কেল, বাপাউবো, নারায়ণগঞ্জ ও সদস্য।

৩/৩/২৬
মুঃ নূরুল আমীন
উপপরিচালক (বোর্ড)

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.০৬.০৩৭.২৬-৯৮ তারিখঃ ০৩ মার্চ ২০২৬ খ্রিঃ

<u>অনুলিপি (কার্যার্থে ও জ্ঞাতার্থে) প্রেরণ করা হলো</u>

১। অতিরিক্ত মহাপরিচালক, পূর্ব রিজিয়ন, বাপাউবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, নকশা ও গবেণা, বাপাউবো, ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আই.সি.টি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৫। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম রিজিয়ন/অর্থ/পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাপাউবো, ঢাকা।
৬। অফিস কপি/মাস্টার কপি।

৩/৩/২৬
মুঃ নূরুল আমীন
উপপরিচালক (বোর্ড)

জাবেদী নং ২৬৮
সিস্টেম এনালিস্ট

তারিখ ৪/৩/২৬

০৪/০৩/২০২৬
সিনিয়র সিস্টেম এনালিস্ট

E:\Kamal Office-2025\Office Order (Committee).docx